DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 20 Nov 2026, 05:08 PM

বিনোদন

এক ফ্রেমে দক্ষিণের তিন তারকা, যে উদ্দেশ্যে এই সাক্ষাৎ

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৩ অক্টোবর ২০২৬, ১১:২২ AM



রূপালী পর্দার তারকাখ্যাতি আর রাজনৈতিক ব্যক্তিত্বের মেলবন্ধনে দক্ষিণী সিনেমার তিন জনপ্রিয় মুখকে একসঙ্গে এক ফ্রেমে বন্দী হতে দেখে অনুরাগীদের মনে তৈরি হয়েছে প্রবল কৌতূহল। ঠিক কী উদ্দেশ্যে একত্রিত হলেন এই তিন তারকা?

আসন্ন পিরিয়ড অ্যাকশন ড্রামা □রণবাগী□ মুক্তির আগে মেগাস্টার তথা তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী থালাপতি বিজয়ের সঙ্গে দেখা করলেন বিজয় দেবেরাকোন্ডা ও রাশমিকা মান্দানা। মূলত আসন্ন সিনেমার প্রচারের পাশাপাশি প্রিয় তারকা ও অনুপ্রেরণাদায়ী নেতার প্রতি শ্রদ্ধা জানাতেই এই বিশেষ সাক্ষাতের আয়োজন করা হয়েছিল।

সামাজিক মাধ্যমে এই সাক্ষাতের মিষ্টি মুহূর্তগুলো শেয়ার করে নিজেদের অনুভূতির কথা প্রকাশ করেছেন বিজয় ও রাশমিকা। রাশমিকা তার পোস্টে উল্লেখ করেছেন, দীর্ঘদিন ধরে যার অন্ধ ভক্ত তিনি, যার সঙ্গে কাজ করার সৌভাগ্য হয়েছে এবং যিনি আজ একজন সফল মুখ্যমন্ত্রী□ তার এই পথচলা অত্যন্ত অবিশ্বাস্য ও অনুপ্রেরণাদায়ী।

অন্যদিকে, বিজয় দেবেরাকোন্ডা জানান, ব্যস্ত দিনের শেষেও থালাপতি বিজয় যেভাবে তাদের উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন এবং জীবন ও কাজের মূল্যবান অভিজ্ঞতা ভাগ করে নিয়েছেন, তাতে এক সাক্ষাতেই তিনি সকলের প্রিয় হয়ে উঠেছেন।

আগামী ১৬ অক্টোবর প্রেক্ষাগৃহে মুক্তি পেতে চলেছে পরিচালক রাহুল সাংকৃত্যায়নের এই বহুল প্রতীক্ষিত সিনেমাটি। ১৮৭৬-৭৮ সালের মাদ্রাজ দুর্ভিক্ষের পটভূমিতে নির্মিত এই ছবিতে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে এক সাধারণ মানুষের সংগ্রামের গল্প তুলে ধরা হয়েছে। ছবিতে সিঙ্গারামালা ববিলি রণবাগী চরিত্রে বিজয় দেবেরাকোন্ডা এবং তার স্ত্রী জয়াম্মার চরিত্রে রাশমিকা মান্দানা অভিনয় করেছেন। ছবির মুক্তি দোরগোড়ায় থাকায় তারকাদের এই বিশেষ সাক্ষাৎ বিনোদন মহলে দারুণ সাড়া ফেলেছে।

এ বিভাগের আরও খবর



প্রাক্তন-বর্তমান শিক্ষার্থীদের মিলনমেলা, হীরকজয়ন্তী ঘিরে উৎসবের আমেজ চবিতে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ৬০ বছর পূর্তি উপলক্ষে হীরকজয়ন্তী উদযাপন ঘিরে উৎসবের আমেজ বিরাজ করছে পুরো ক্যাম্পাসে। প্রাক্তন ও বর্তমান শিক...



জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতায় দ্বিতীয় ধর্মপাশার নাবিল

৩১তম জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতা-২০২৬-এর সুনামগঞ্জ জেলা পর্যায়ের বাছাইপর্বে ১০ পারা গ্রুপে দ্বিতীয় স্থান অর্জন করেছে ধর্মপাশা উপজেলার ক্ষ...



এক দশকের দাম্পত্য জীবনের অবসান, বাংলাদেশে ফিরেছেন শাকিলা জাফর

প্রায় এক দশকের দাম্পত্য জীবনের ইতি টেনে বাংলাদেশে ফিরেছেন কবি ও সাবেক করপোরেট নির্বাহী শাকিলা জাফর। ভারতের কবি ও সাবেক করপোরেট নির্বাহী রবি...



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/ek-freme-dkshiner-tin-tarka-je-uddeshje-ei-sakshat